# STANDING OPERATION PROCEDURE

DEPARTMENT OF FIRE SERVICE AND CIVIL DEFENCE
MINISTRY OF HOME AFFAIRS

(DRILL ORDER)

# ১ম কল পানিবাহী গাড়ী (18+ call)

জনবল ঃ- ০৭জন

| | | |
|---|---|---|
| ১। | অফিসার (এসএসও/ এসও) | ১জন |
| ২। | লিডার | ১জন |
| ৩। | ড্রাইভার | ১জন |
| ৪। | ফায়ারম্যান | ৪জন |

* ১ ও ২ নং ফায়ার ফাইটার
* ৩ নং ম্যাসেঞ্জার
* ৪নং স্পেয়ারম্যান

## কার্যাবলী ঃ-

### ১। অফিসার

* পর্যবেক্ষনকারী
* তথ্য সংগ্রহকারী
* নির্দেশ প্রদানকারী
* সমন্বয়কারী
* অগ্নিনির্বাপণকারী ও উদ্ধারকারী

ক। তার অধীনস্থ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিরাপত্তার দিকে লক্ষ্য রাখবে এবং নিরাপত্তার প্রয়োজনে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করবে।

খ। প্রয়োজনে অগ্নি নির্বাপণ/ উদ্ধার কাজে অংশগ্রহণ করবে।

গ। অগ্নিকান্ডের স্থলে পৌঁছে দ্রুত পর্যবেক্ষণ করবেন ও অগ্নি-নির্বাপন এবং বিস্তাররোধে সুনির্দিষ্ট নির্দেশ প্রদান করবেন।

ঘ। জীবিত কোন ব্যাক্তি আটক পড়লে দ্রুত উদ্ধারের ব্যবস্থা করবেন।

ঙ। হ্যাজার্ড চিহ্নিত করণঃ গ্যাস, বিদ্যুৎ এবং বিল্ডিং কলাপ্স ইত্যাদি সম্পর্কে সঠিক তথ্য নিয়ে যাতে কোন দূর্ঘটনা না ঘটে সেই মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

চ। অগ্নি কান্ডের বিস্তারিত তথ্য উর্ধতন কর্তৃপক্ষ / নিয়ন্ত্রন কক্ষকে অবহিত করবেন।

ছ। অগ্নিকান্ডের নিকটস্থ পানির উৎস খূজে বের করে পাম্পের সঠিক ব্যবহার নিশ্চিত করবেন এবং পাম্প থেকে একটি লাইন গাড়ীতে সংযোগ প্রদানের ব্যবস্থা করবেন, আর একটি লাইনের পানি আগুনে সরাসরি প্রয়োগ করবেন।

জ। সার্বিক কাজের তদারকী করবেন এবং গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তাৎক্ষণিকভাবে সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী/ ফোরম্যানের সহিত যোগাযোগ করে তা মেরামত বা পুনঃস্থাপনের ব্যবস্থা করবেন।

ঝ। অগ্নি নির্বাপনের কাজে নিয়োজিত কোন লোক আহত হলে তাকে প্রাথমিক চিকিৎসা প্রদান পূর্বক দ্রুত স্থানীয় হাসপাতালে প্রেরণ করবেন।

ঞ। অগ্নি নির্বাপনের কাজে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতি সঠিক ব্যবহার নিশ্চিত করবেন।

ট। অন্যান্য বাহিনীর সাথে সমন্বয় সাধন করে কাজ তরান্বিত করবেন।

ঠ। উর্ধ্বতন কর্তৃপক্ষ ঘটনাস্থলে পৌছার সাথে সাথে তাঁকে বিস্তারিত জানিয়ে অগ্নি নির্বাপনের কাজে অংশগ্রহন করবেন।

ঢ। অগ্নি নির্বাপনের পর ব্যবহৃত সরঞ্জামাদির সঠিক হিসাব নিশ্চিত করবেন।

ড। কাজ শেষে অকেজো মালামাল/ যন্ত্রপাতি চিহ্নিত করে ষ্টেশনে প্রত্যাবর্তনের পর দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহন করবেন।

ন। অগ্নিকান্ডের কারণ উদঘাটনসহ আনুমানিক ক্ষতি ও উদ্ধার এর পরিমান সহ তথ্যবহুল প্রতিবেদন সংগ্রহ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে ও নিয়ন্ত্রণ কক্ষকে অবহিত করে স্টেশনের অকারেন্স বইয়ে লিপিবদ্ধ করবেন।

প। পরবর্তী অপারেশনে অংশ গ্রহন করার জন্য টার্ন আউটকে কার্য উপযোগীকরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

ফ। এসও ঘটনাস্থলে পৌছে কোন দিক দিয়ে কাজ করতে হবে তার নির্দেশ দিতে হবে।

ব। আগুনের ধরণ বুঝে পানি, ফোম ও অন্যান্য কেমিক্যাল ব্যবহার করতে হবে এবং আগুন বড় হলে নিয়ন্ত্রণ কক্ষ/ কর্তৃপক্ষকে সাহায্যের জন্য জানাতে হবে।

ভ। আগুনের সঠিক উৎপত্তিস্থলে পানি নিক্ষেপের ব্যবস্থা করতে হবে।

## ২। লিডার ঃ

ক। অগ্নিকান্ডে ব্যবহৃত ব্রাঞ্চ পাইপ, ডেলিভারী হোজ, পাম্প স্থাপন, স্মোক ইজেক্টর, লক কাটার, জেনারেটর, ব্রিদিং এ্যাপারেটাস, ডিভাইডিং ব্রিচিং, সাকশন হোজ ইত্যাদির সরবরাহ নিশ্চিত করণ।

খ। ডেলিভারী হোজ ফেটে গেলে তা চিহ্নিত করণ ও পরিবর্তনের ব্যবস্থা গ্রহন।

গ। প্রয়োজনে ডিভাইডিং ব্রিচিং এর ব্যবহার নিশ্চিত করণ।

ঘ। অফিসার ও ফায়ার ফাইটার এর সাথে সমন্বয় সাধনের মাধ্যমে কাজের অগ্রগতি সাধন।

ঙ। রানার, ড্রাইভার এবং ফায়ার ফাইটারের কাজের তদারকি করণ।

চ। অগ্নি কান্ডের কাজে ব্যবহৃত গাড়ী ও পাম্পের জ্বালানী নিশ্চিত করন।

ছ। অগ্নি নির্বাপন শেষে মালামাল সংগ্রহ করণ ও সঠিক হিসাব নিশ্চিত করণ।

জ। অকেজো মালামাল চিহ্নিত করে পৃথক করণ।

ঝ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্প এবং মালামাল পরিচছন্ন করণ ও পরবর্তী টার্ন আউটের উপযোগী করে রাখার ব্যবস্থা গ্রহন।

ঞ। অগ্নিকান্ডের সময় লিডার দ্রুত পানির উৎস খুজে পাম্প বসাবে।

ট। ঘটনাস্থল হতে পানির উৎস দূরে হলে রিলে সিস্টেম করতে হবে।

ঠ। দুই লাইন বিশিষ্ট পাম্প হলে পানিবাহী গাড়তে পানি শেষ হওয়ার পর তাৎক্ষনিকভাবে পাম্পের লাইনে কাজ করতে হবে।

ঢ। পানি ব্যবহারের সময় পানির দ্বারা মালামালের ক্ষতি যেন কম হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। অগ্নি নির্বাপণ শেষে সম্ভব হলে ঘটনাস্থল হতে পানির গাড়ীতে পানি ভর্তি করে আনতে হবে। ঘটনাস্থলে পানির স্বল্পতা থাকলে পানির গাড়ীর পানি শেষ হওয়া মাত্র অন্য জায়গা হতে পানি আনার ব্যবস্থা করবে!

## ৩। ড্রাইভার ঃ

ক। ঘটনাস্থলে পৌছে গাড়ী ও পাম্প সঠিক স্থানে স্থাপন ও ব্যবহার নিশ্চিত করণ।

খ। বড় অগ্নিকান্ডে সঠিক সময়ে জ্বালানীর চাহিদা কর্তব্যরত লিডারকে অবহিত করণ।

গ। অপারেশনাল কাজে গাড়ী পাম্পের কোন ক্রটি দেখা দিলে তাৎক্ষনিকভাবে লিডার/ অফিসারকে অবহিত করণ, প্রয়োজনে রিপ্লেসমেন্টের চাহিদা প্রদান।

ঘ। গাড়ীতে রক্ষিত সাজ-সরঞ্জামাদি সহ গাড়ী ও পাম্পের নিরাপত্তা নিশ্চিত করণ।

ঙ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্পের পরিস্কার পরিচছন্ন করে পরবর্তী অপারেশনাল কর্মকান্ডে সঠিক ব্যবহার নিশ্চিত করণ।

৪। **ফায়ারম্যান**

ক। **ফায়ার ফাইটার (১ ও ২ নং)**

(১) অগ্নিকান্ডের স্থলে পৌছার সাথে সাথে দ্রুত ব্রাঞ্চ পাইপ নিয়ে প্রয়োজনীয় সংখ্যক ডেলিভারী হোজ সংযোজন পূর্বক কর্তব্যরত অফিসারের নির্দেশ অনুযায়ী অগ্নি নির্বাপন কাজে অংশগ্রহন।

(২) অগ্নিনির্বাপন কাজের সুবিধা - অসুবিধা অফিসারকে অবহিত করণ।

(৩) অগ্নি নির্বাপনী যন্ত্রপাতি ও মাধ্যমের সঠিক ব্যবহার নিশ্চিত করণ। প্রয়োজনে ২ নং ফায়ার ফাইটার পাম্প স্থাপনের কাজে সহযোগিতা করণ।

(৪) অগ্নিকান্ডের বিস্তাররোধকল্পে সঠিক অগ্নি নির্বাপনি সরঞ্জাম ও মাধ্যমের ব্যবহার নিশ্চিত করণ।

(৫) আগুনকে নিয়ন্ত্রনে রেখে সম্পূর্ন অগ্নি নির্বাপন নিশ্চিত করণ।

(৬) অগ্নি নির্বাপনের সময় যাতে ক্ষয় ক্ষতির পরিমান কম হয় সে দিকে লক্ষ রাখা।

(৭) অগ্নি নির্বাপন শেষে সমস্ত মালামাল গুছিয়ে গাড়ীতে সংরক্ষন।

(৮) স্টেশনে প্রত্যাবর্তন করে সমস্ত মালামাল পরিস্কার পরিচছন্ন করার কাজে সহযোগিতা করণ।

খ। **ম্যাসেঞ্জার** ঃ- (৩ নং)

(১) অফিসার , লিডার, ফায়ার ফাইটারের ও ড্রাইভারের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সংবাদ আদান প্রদান পুর্বক অগ্নি নির্বাপনের কাজ ত্বরান্বিত করণ।

গ। **স্পেয়ারম্যান** ঃ- (৪ নং )

(১) ডেলিভারী হোজ খোলার কাজে ফায়ার ফাইটারদের সহযোগিতা করবে।

(২) পাম্প স্থাপনের কাজে সহযোগিতা করবে।

(৩) অগ্নিকান্ডের স্থলে ফায়ার ফাইটারকে সার্বিক সহযোগিতা করণ।

(৪) স্ট্রেনারে ময়লা আবর্জনা বা কাঁদা মাটিতে স্ট্রেনার ডুবে না যায় সেদিকে সতর্ক দৃষ্টি রাখা। অর্থাৎ স্ট্রেনারের সঠিক ব্যবস্থার নিশ্চিতকরণ।

(৫) স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্প এবং অন্যান্য মালামাল / সাজ-সরঞ্জাম পরিস্কার পরিচছন্ন করার কাজে সহযোগিতা করণ।

# ২য় কল পাম্প টানা গাড়ী

জনবল ঃ- ০৯ জন

১। অফিসার (এসও/সাব-অফিসার) ১জন
২। লিডার ১জন
৩। ড্রাইভার ১জন
৪। ফায়ারম্যান ৫জন

* ফায়ার ফাইটার-৪জন
* ম্যাসেঞ্জার -১জন
* স্ট্রেনারম্যান- ১জন

## কার্যাবলীঃ-

### ১। অফিসার/সাব-অফিসার

* পর্যবেক্ষনকারী
* তথ্য সংগ্রকারী
* নির্দেশ প্রদানকারী
* সমন্বয়কারী
* অগ্নিনির্বাপণকারী ও উদ্ধারকারী

ক। অগ্নিকান্ডের স্থলে পৌঁছে দ্রুত পর্যবেক্ষন করবেন ও অগ্নি নির্বাপন এবং বিস্তাররোধে সুনির্দিষ্ট নির্দেশ প্রদান করবেন।

খ। জীবিত কোন ব্যক্তি আটক পড়লে দ্রুত উদ্ধারের ব্যবস্থা করবেন।

গ। হ্যাজার্ড চিহ্নিত করণঃ গ্যাস, বিদ্যুৎ এবং বিল্ডিং কলাপ্স ইত্যাদি সম্পর্কে সঠিক তথ্য নিয়ে যাতে কোন দূর্ঘটনা না ঘটে সেই মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

ঘ। অগ্নি কান্ডের বিস্তারিত তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ / নিয়ন্ত্রন কক্ষকে অবহিত করবেন।

ঙ। অগ্নিকান্ডের নিকটস্থ পানির উৎস খূজে বের করে পাম্পের সঠিক ব্যবহার নিশ্চিত করবেন এবং পাম্প থেকে প্রয়োজন হলে একটি লাইন গাড়ীতে সংযোগ প্রদানের ব্যবস্থা করবেন, আর একটি লাইনের পানি আগুনে সরাসরি প্রয়োগ করবেন।

চ। সার্বিক কাজের তদারকী করবেন এবং গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তা মেরামত বা পুনঃস্থাপনের ব্যবস্থা করবেন।

ছ। অগ্নি নির্বাপনের কাজে নিয়োজিত কোন লোক আহত হলে তাকে প্রাথমিক চিকিৎসা প্রদান পূর্বক দ্রুত স্থানীয় হাসপাতালে প্রেরণ করবেন।

জ। অগ্নি নির্বাপনের কাজে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতি সঠিক ব্যবহার নিশ্চিত করবেন।

ঝ। অন্যান্য বাহিনীর সাথে সমন্বয় সাধন করে কাজ তরান্বীত করবেন।

ঞ। উর্দ্ধতন কর্তৃপক্ষ ঘটনাস্থলে পৌছার সাথে সাথে তাঁকে বিস্তারিত জানিয়ে অগ্নি নির্বাপনের কাজে অংশগ্রহন করবেন।

ট। অগ্নি নির্বাপনের পর ব্যবহৃত সরঞ্জামাদির সঠিক হিসাব নিশ্চিত করবেন।

ঠ। কাজ শেষে অকেজো মালামাল/ যন্ত্রপাতি চিহ্নিত করে ষ্টেশনে প্রত্যাবর্তনের পর দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহন করবেন।

ঢ। অগ্নিকান্ডের কারণ উদঘাটনসহ আনুমানিক ক্ষতি ও উদ্ধার এর পরিমান সহ তথ্যবহুল প্রতিবেদন সংগ্রহ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে ও নিয়ন্ত্রন কক্ষকে অবহিত করে স্টেশনের অকারেন্স বইয়ে লিপিবদ্ধ করবেন।

ড। পরবর্তী অপারেশনে অংশ গ্রহন করার জন্য টার্ন আউটকে কার্য উপযোগীকরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

২। লিডার ঃ

ক। অগ্নিকান্ডে ব্যবহৃত ব্রাঞ্চ পাইপ, ডেলিভারী হোজ, পাম্প স্থাপন, স্মোক ইজেক্টর, লক কাটার, জেনারেটর, ব্রিদিং এ্যাপারেটাস, ডিভাইডিং ব্রিচিং, সাকশন হোজ ইত্যাদির সরবরাহ নিশ্চিত করণ।
খ। গাড়ীতে প্রয়োজনীয় সাজ-সরঞ্জামাদি নিশ্চিত করণ।
গ। ডেলিভারী হোজ ফেটে গেলে তা চিহ্নিত করণ ও পরিবর্তনের ব্যবস্থা গ্রহন।
ঘ। প্রয়োজনে ডিভাইডিং ব্রিচিং এর ব্যবহার নিশ্চিত করণ।
ঙ। অফিসার ও ফায়ার ফাইটার এর সাথে সমন্বয় সাধনের মাধ্যমে কাজের অগ্রগতি সাধন।
চ। রানার, ড্রাইভার এবং ফায়ার ফাইটারের কাজের তদারকি করণ।
ছ। অগ্নি কান্ডের কাজে ব্যবহৃত গাড়ী ও পাম্পের জ্বালানী নিশ্চিত করন। ঘটনাস্থলে পাম্পে জ্বালানী ভর্তি করতে হলে পাম্প বন্ধ করে তা করতে হবে।
জ। অগ্নি নির্বাপন শেষে মালামাল সংগ্রহ করণ ও সঠিক হিসাব নিশ্চিত করণ।
ঝ। অকেজো মালামাল চিহ্নিত করে পৃথক করণ।
ঞ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্প এবং মালামাল পরিচ্ছন্ন করণ ও পরবর্তী টার্ন আউটের উপযোগী করে রাখার ব্যবস্থা গ্রহন।

৩। ড্রাইভার ঃ

ক। ঘটনাস্থলে পৌছে গাড়ী ও পাম্প সঠিক স্থানে স্থাপন ও ব্যবহার নিশ্চিত করণ।
খ। বড় অগ্নিকান্ডে সঠিক সময়ে জ্বালানীর চাহিদা কর্তব্যরত লিডারকে অবহিত করণ।
গ। অপারেশনাল কাজে গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তাৎক্ষনিকভাবে লিডার/ অফিসারকে অবহিত করণ, প্রয়োজনে রিপ্লেসমেন্টের চাহিদা প্রদান।
ঘ। গাড়ীতে রক্ষিত সাজ-সরঞ্জামাদি সহ গাড়ী ও পাম্পের নিরাপত্তা নিশ্চিত করণ।
ঙ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্পের পরিস্কার পরিচ্ছন্ন করে পরবর্তী অপারেশনাল কর্মকান্ডে সঠিক ব্যবহার নিশ্চিত করণ।

৪। ফায়ারম্যান

ক। ফায়ার ফাইটার (১, ২,৩,৪ নং)

(১) অগ্নিকান্ডের স্থলে পৌছার সাথে সাথে দ্রুত ব্রাঞ্চ পাইপ নিয়ে প্রয়োজনীয় সংখ্যক ডেলিভারী হোজ সংযোজন পূর্বক কর্তব্যরত অফিসারের নির্দেশ অনুযায়ী অগ্নি নির্বাপন কাজে অংশগ্রহন।
(২) অগ্নিনির্বাপন কাজের সুবিধা - অসুবিধা অফিসারকে অবহিত করণ।
(৩) অগ্নি নির্বাপনী যন্ত্রপাতি ও মাধ্যমের সঠিক ব্যবহার নিশ্চিত করণ এবং প্রয়োজনে বিভিন্ন কৌশল অবলম্বন করণ।
(৪) অগ্নিকান্ডের বিস্তাররোধকল্পে সঠিক অগ্নি নির্বাপনী সরঞ্জাম ও মাধ্যমের ব্যবহার নিশ্চিত করণ।
(৫) আগুনকে নিয়ন্ত্রনে রেখে সম্পুর্ন অগ্নি নির্বাপন নিশ্চিত করণ।
(৬) অগ্নি নির্বাপনের সময় যাতে ক্ষয় ক্ষতির পরিমান কম হয় সে দিকে লক্ষ্য রাখা।

(৭) অগ্নি নির্বাপন শেষে সমস্ত মালামাল গুছিয়ে গাড়ীতে সংরক্ষন।

(৮) স্টেশনে প্রত্যাবর্তন করে সমস্ত মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করার কাজে সহযোগিতা করণ।

খ। ম্যাসেঞ্জার ঃ- (৫ নং)

(১) অফিসার , লিডার, ফায়ার ফাইটারের ও ড্রাইভারের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সংবাদ আদান প্রদান পূর্বক অগ্নি নির্বাপনের কাজ ত্বরান্বিত করণ।

গ। স্পেয়ারম্যান ঃ- (৬ নং )

(১) পাম্প স্থাপনের কাজে সহযোগিতা করবে।

(২) অগ্নিকান্ডের স্থলে ফায়ার ফাইটারদের সাথে ডেলিভারী হোজ খোলার কাজে ফায়ার ফাইটারদের সাথে সার্বিক ভাবে সহযোগিতা করবে।

(৩) স্ট্রেনারে ময়লা আবর্জনা বা কাঁদা মাটিতে স্ট্রেনার ডুবে না যায় সেদিকে সতর্ক দৃষ্টি রাখা। অর্থাৎ , স্ট্রেনারের সঠিক ব্যবহার নিশ্চিত করবে।

(৪) স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্প এবং অন্যান্য মালামাল / সাজ-সরঞ্জাম পরিস্কার পরিচ্ছন্ন করার কাজে সহযোগিতা করণ।

# বিশেষ পানিবাহী গাড়ী

জনবলঃ- ০৬জন

| | | |
|---|---|---|
| ১। | অফিসার (সিএসএসও/এসও) | ১জন |
| ২। | লিডার | ১জন |
| ৩। | ড্রাইভার | ১জন |
| ৪। | ফায়ারম্যান | ৩জন |

* ১ ও ২ নং ফায়ারম্যান (ফায়ার ফাইটার)
* ৩ নং ম্যাসেঞ্জার

* কার্যাবলীঃ-

## ১। অফিসার

* পর্যবেক্ষনকারী
* তথ্য সংগ্রকারী
* নির্দেশ প্রদানকারী
* সমম্বয়কারী
* অগ্নিনির্বাপণকারী ও উদ্ধারকারী

ক। অগ্নিকান্ডের স্থলে পৌঁছে দ্রুত পর্যবেক্ষন করবেন ও অগ্নি নির্বাপন এবং বিস্তাররোধে সুনির্দিষ্ট নির্দেশ প্রদান করবেন।

খ। অগ্নিকান্ডের স্থলে নিকটস্থ পানির উৎস খুজে বের করে পাম্পের সঠিক ব্যবহার নিশ্চিত করবেন এবং পাম্প থেকে ২টি লাইন বের করে ১টি সরাসরি আগুনে দিবে ও অন্যটি বিশেষ পানিবাহী গাড়ীতে সংযোগ প্রদানের ব্যবস্থা নিশ্চিত করবেন।

গ। অগ্নি নির্বাপনে পানির সঠিক ব্যবহার নিশ্চিত করবেন।

ঘ। অগ্নি নির্বাপনের পর অগ্নি নির্বাপনের সরঞ্জামাদি সঠিক হিসাব নিশ্চিত করবেন।

ঙ। পরবর্তী অপারেশনে অংশ গ্রহনের জন্য টার্ন আউটকে কার্য উপযোগী রাখার ব্যবস্থা গ্রহন করবেন।

## ২। লিডার ঃ

ক। অগ্নিকান্ডে ব্যবহৃত ব্রাঞ্চ পাইপ, ডেলিভারী হোজ, পাম্প স্থাপন, স্মোক ইজেক্টর, লক কাটার, জেনারেটর, ব্রিদিং এ্যাপারেটাস, ডিভাইডিং ব্রিচিং, সাকশন হোজ ইত্যাদির সরবরাহ নিশ্চিত করণ।

খ। ডেলিভারী হোজ ফেটে গেলে তা চিহ্নিত করণ ও পরিবর্তনের ব্যবস্থা গ্রহন।

গ। অফিসার ও ফায়ার ফাইটার এর সাথে সমম্বয় সাধনের মাধ্যমে কাজের অগ্রগতি সাধন।

ঘ। অগ্নি কান্ডের কাজে ব্যবহৃত গাড়ী ও পাম্পের জ্বালানী নিশ্চিত করন।

ঙ। অগ্নি নির্বাপন শেষে মালামাল সংগ্রহ করণ ও সঠিক হিসাব নিশ্চিত করণ।

চ। অকেজো মালামাল চিহ্নিত করে পৃথক করণ।

ছ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্প এবং মালামাল পরিচছন্ন করণ ও পরবর্তী টার্ন আউটের উপযোগী করে রাখার ব্যবস্থা গ্রহন।

৩। **ড্রাইভার ঃ**

ক। ঘটনাস্থলে পৌছে গাড়ী ও পাম্প সঠিক স্থানে স্থাপন ও ব্যবহার নিশ্চিত করণ।
খ। বড় অগ্নিকান্ডে সঠিক সময়ে জ্বালানীর চাহিদা কর্তব্যরত লিডারকে অবহিত করণ।
গ। অপারেশনাল কাজে গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তাৎক্ষনিকভাবে লিডার/ অফিসারকে অবহিত করণ, প্রয়োজনে রিপ্লেসমেন্টের চাহিদা প্রদান।
ঘ। গাড়ীতে রক্ষিত সাজ-সরঞ্জামাদি সহ গাড়ী ও পাম্পের নিরাপত্তা নিশ্চিত করণ।
ঙ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্পের পরিস্কার পরিচ্ছন্ন করে পরবর্তী অপারেশনাল কর্মকান্ডে সঠিক ব্যবহার নিশ্চিত করণ।

৪। **ফায়ারম্যান**

ক। **ফায়ার ফাইটার (১ ও ২ নং)**

(১) অগ্নিকান্ডের স্থলে পৌছার সাথে সাথে দ্রূত ব্রাঞ্চ পাইপ নিয়ে প্রয়োজনীয় সংখ্যক ডেলিভারী হোজ সংযোজন পূর্বক কর্তব্যরত অফিসারের নির্দেশ অনুযায়ী অগ্নি নির্বাপন কাজে অংশগ্রহন।
(২) অগ্নিনির্বাপন কাজের সুবিধা - অসুবিধা অফিসারকে অবহিত করণ।
(৩) অগ্নি নির্বাপনী যন্ত্রপাতি ও মাধ্যমের সঠিক ব্যবহার নিশ্চিত করণ। প্রয়োজনে ২ নং ফায়ার ফাইটার পাম্প স্থাপনের কাজে সহযোগিতা করণ।
(৪) অগ্নিকান্ডের বিস্তাররোধকল্পে সঠিক অগ্নি নির্বাপনি সরঞ্জাম ও মাধ্যমের ব্যবহার নিশ্চিত করণ।
(৫) আগুনকে নিয়ন্ত্রনে রেখে সম্পূর্ন অগ্নি নির্বাপন নিশ্চিত করণ।
(৬) অগ্নি নির্বাপনের সময় ক্ষয় ক্ষতির পরিমান যাতে কম হয় সে দিকে লক্ষ রাখা।
(৭) অগ্নি নির্বাপন শেষে সমস্ত মালামাল গুছিয়ে গাড়ীতে সংরক্ষন।
(৮) স্টেশনে প্রত্যাবর্তন করে সমস্ত মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করার কাজে সহযোগিতা করণ।

খ। **ম্যাসেঞ্জার ঃ-** (৩ নং)

(১) অফিসার , লিডার, ফায়ার ফাইটারের ও ড্রাইভারের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সংবাদ আদান প্রদান পূর্বক অগ্নি নির্বাপনের কাজ তরান্বিত করণ।

# স্নোরকেল / টি টি এল গাড়ী

জনবল ঃ- ০৫জন

| | | |
|---|---|---|
| ১। | অফিসার (এসএসও/এসও) | ১জন |
| ২। | লিডার | ১জন |
| ৩। | ড্রাইভার | ১জন |
| ৪। | ফায়ারম্যান | ৩ জন |

- ১জন ফায়ার ফাইটার
- ১জন উদ্ধারকারী

* কার্যাবলীঃ-

## ১। অফিসার

ক। অগ্নিকান্ডের স্থলে পৌঁছে ঘটনাস্থল দ্রুত পর্যবেক্ষন করবেন গাড়ীকে সঠিক স্থানে স্থাপনের জন্য ড্রাইভারকে নির্দেশ প্রদান করবেন।

খ। গাড়ীটি সঠিক স্থানে স্থাপন করা হয়েছে কিনা? বৈদ্যুতিক তার এবং আশে পাশের বিল্ডিং / গাছপালাসমূহ যাতে লেডার উঠানামায় বা স্থাপনে বিঘ্ন সৃষ্টি না ঘটে সেদিকে দৃষ্টি রাখা।

গ। উদ্ধারকৃত লোককে দ্রূত প্রাথমিক চিকিৎসা প্রদান পূর্বক দ্রুত হাসপাতালে প্রেরনের ব্যবস্থা করবেন।

ঘ। অগ্নি নির্বাপনের ক্ষেত্রে পানির উৎস চিহ্নিত করণ এবং প্রয়োজন বোধে বিশেষ পানিবাহী গাড়ী স্ট্যান্ডবাই রাখার ব্যবস্থা করণ।

ঙ। অগ্নি নির্বাপন ও উদ্ধার কাজের সঠিক তদারকি করণ।

চ। কাজ শেষ করে গাড়ী ক্লোজ করে মালামালের সঠিক হিসাব নিশ্চিত করে স্টেশনে প্রত্যাবর্তনের নির্দেশ প্রদান।

## ২। লিডার ঃ

ক। অগ্নিকান্ডের স্থানে পৌঁছে গাড়ীর চাকায় জাম প্রদান করবেন এবং ভারসাম্য রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।

খ। ডেলিভারী হোজ খোলার ব্যবস্থা গ্রহন।

গ। অগ্নিকান্ডে কাজে ডেলিভারী হোজ সংযোজন এবং ডেলিভারী হোজ ফেটে গেলে তা চিহ্নিত করন ও পরিবর্তন করন।

ঘ। অফিসার ও ফায়ার ফাইটার এবং উদ্ধারকারীর সাথে কাজের সমন্বয় সাধনের মাধ্যমে কাজ ত্বরান্বিত করণ।

ঙ। ড্রাইভার ও ফায়ার ফাইটার উদ্ধারকারীর কাজ তদারকি করণ।

চ। গাড়ীতে ড্রাইভারের চাহিদা মোতাবেক জ্বালানী সরবরাহের নিশ্চিত করণ।

ছ। অগ্নি নির্বাপন ও উদ্ধার কাজ শেষে মালামাল সংগ্রহ ও সঠিক হিসাব নিশ্চিত করণ।

জ। অকেজো মালামাল চিহ্নিত করে পৃথক করণ।

ঝ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী এবং মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করণ ও পরবর্তী টার্ন আউটের উপযোগী করে রাখার ব্যবস্থা গ্রহন।

৩। ড্রাইভার ঃ

ক। ঘটনাস্থলে পৌছে গাড়ী সঠিক স্থানে স্থাপন করে গাড়ীর আউট রিগার বের হবার পর জ্যাক হলে ভারসাম্যের সঠিকতা নিশ্চিত করণ।

খ। গাড়ী অপারেটিংয়ের সময় যাতে বিদ্যুতের তার, বিল্ডিং, গাছপালা ইত্যাদি ঝুকিপূর্ন স্থাপনার দ্বারা গাড়ী/লেডার ক্ষতিগ্রস্থ না হয় সে দিকে লক্ষ্য রাখবে।

গ। অপারেশনাল কাজে গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তাৎক্ষনিকভাবে লিডার/ অফিসারকে অবহিত করণ, প্রয়োজনে রিপ্লেসমেন্টের চাহিদা প্রদান।

ঘ। অপারেশনাল কাজে গাড়ীর জ্বালানী স্বল্পতা দেখা দিলে তাৎক্ষনিকভাবে লিডার/ অফিসারকে অবহিত করণ,

ঙ। উদ্ধার কাজের সময় গাড়ীতে স্থাপিত মেগাফোনের মাধ্যমে উদ্ধারকারীদের সাথে যোগাযোগ রাখবে।

চ। গাড়ীতে রক্ষিত মালামাল ও সাজ-সরঞ্জাম ও গাড়ীর নিরাপত্তা নিশ্চিত করণ।

ছ। অপারেশনের সময় কর্তব্যরত অফিসারের / লিডারের আদেশ যথাযথভাবে পালন করবে।

জ। কেবিনে উদ্ধারকারী / ফায়ার ফাইটার কোনভাবেই যাতে বিপদের সম্মুখিন না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখা।

ঝ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী পরিস্কার পরিচ্ছন্ন করে পরবর্তী কর্মকান্ডে সঠিক ব্যবহার নিশ্চিত করণ।

৪। উদ্ধারকারী ও ফায়ার ফাইটার ঃ

ক। অগ্নিকান্ডের স্থলে পৌছার সাথে সাথে দ্রুত গাড়ী সঠিক স্থানে স্থাপনে ড্রাইভারকে সহায়তা করবে।

খ। অপারেটিং য়ের সময় কেবিনে উঠে সেফটি বেল বেধে সতর্কতার সহিত কেবিনে অবস্থান করবে।

গ। ঘটনাস্থল পর্যবেক্ষন করে সম্পূর্ন অবগত হয়ে সঠিক কার্যক্রম পরিচালনা করবে।

ঘ। মেগাফোনের মাধ্যমে অফিসারের সাথে যোগাযোগ রক্ষা করে তার নির্দেশ সঠিকভাবে পালন করবে।

ঙ। আটকে পড়া বা চাপা পড়া লোককে সতর্কতার সাথে ও যত্ন সহকারে উদ্ধার করবে।

চ। অগ্নি নির্বাপনের সময় আগুনের বিস্তার রোধ করে যাতে ক্ষয় ক্ষতির পরিমান কম হয় সে দিকে লক্ষ্য রেখে আগুন সম্পূর্নরূপে নির্বাপন করবে।

ছ। অপারেশন শেষে সমস্ত মালামাল গুছিয়ে গাড়ীতে সংরক্ষন করবে।

জ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও সমস্ত মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করে পরবর্তী টার্ন আউটের জন্য উপযোগী করে রাখবে।

# ইটি -যখন ডুবুরীর কাজে ব্যবহৃত হবে

**জনবলঃ-** ০৬জন

| | | |
|---|---|---|
| ১। | অফিসার (এসএসও/ এসও) | ১জন |
| ২। | লিডার | ১জন |
| ৩। | ড্রাইভার | ১জন |
| ৪। | ডুবুরী | ৩ জন |

## কার্যাবলীঃ-

## ১। অফিসার

### অফিসারের দায়িত্বঃ-

ক। ঘটনাস্থলে পৌছে প্রত্যক্ষদর্শীদের সাথে আলোচনা সাপেক্ষে দুর্ঘটনার স্থল চিহ্নিত করে ঘটনা সম্পর্কে উর্ধবতন কর্মকর্তা এবং কন্ট্রোলরুমকে অবহিত করবে।

খ। ঘটনাস্থল চিহ্নিত করার পর পানির গভীরতা নির্নয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

গ। পানিতে নামার পুর্বে ডুবুরীদের পরিধানকৃত সিলিন্ডারটি সঠিক আছে কিনা যাচাই পুর্বক পানিতে নামবে।

ঘ। উদ্ধারকার্য চলাকালীন সময়ে ডুবুরীর উপরদিয়ে যেন নৌযান চলাচল না করে সে দিকে লক্ষ্য রাখতে হবে।

ঙ। সিগনালের মাধ্যমে ডুবুরীদের অবস্হান সম্পর্কে অবগত হবে।

চ। অন্ধকার হইলে প্রয়োজনীয় আলোর ব্যবস্থা করে বাবলস্ সম্পর্কে নিশ্চিত করতে হবে।

ছ। প্রয়োজন অনুসারে একাধিক ডুবুরীকে কাজ করার ব্যবস্থা নিবে।

জ। ভিকটিমকে উদ্ধারের পর দ্রুত হাসপাতালে পৌছানের ব্যবস্থা নিবে। অথবা নিকট আত্মীয়/উপস্থিত পুলিশের নিকট নিধি মোতাবেক হস্তান্তর করিবে।

ঝ। কাজ শেষে ডুবুরীর শারিরিক খোজ খবর নিবে এবং সমস্যা হলে চিকিৎসার ব্যবস্থা নিবে।

ঞ। ভিকটিমের তথ্যবহুল প্রতিবেদন সংগ্রহ করবে।

ট। মালামালর সঠিক হিসাব নিশ্চিত করে স্টেশনে প্রত্যাবর্তন করবে এবং কন্ট্রোলরুমে তথ্যবহুল প্রতিবেদন লিপিবদ্ধ করবে।

ঠ। পরবর্তী টার্ন আউটের জন্য কার্য উপযোগী করার ব্যবস্থা করা ।

## *২। লিডার ঃ-

ক। ঘটনস্থলে স্থানে পৌছে প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে ডুবুরীদের সাহায্য করবেন।

খ। ডুবুরী পানিতে নামার পুর্বে তার সব কিছু সঠিক আছে কিনা তা যাচাই করে দেখবে।

গ। প্রয়োজন স্বাপেক্ষে পানিতে নামার পুর্বে জেনারেটর ফিট করবে।

ঘ। প্রয়োজনীয় মালামাল সরবরাহ করবে এবং অপ্রয়োজনীয় মালামাল নিদিষ্ট স্থানে সংরক্ষন করবে।

ঙ। ভিকটিমকে উদ্ধারের পর উপরে উঠানের কাজে সহযোগীতা করবে।

চ। জনসাধারণ যেন কাজে বিঘ্ন ঘটাতে না পারে এবং বাধা সৃষ্টি করতে না পারে সে দিকে লক্ষ্য রাখবে।

ছ। কাজ শেষে মালামাল গুটিয়ে গাড়ীতে রাখবে এবং খালি সিলিন্ডার চিহ্নিত করে রাখবে।

জ। স্টেশন প্রত্যাবর্তন করে মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করবে এবং খালি সিলিন্ডার পরবর্তী কার্য উপযোগী করে রাখার ব্যবস্থা করবে।

## ৩। ডুবুরী-৩ জন ঃ

ক। ১ নং ডুবুরী সিলিন্ডারের সাথে তার প্রযোজনীয় মালামাল সংযোজন করে সিলিন্ডার সঠিক আছে কিনা তা নিশ্চিত করবে।

খ। ১ নং ডুবুরী সিলিন্ডার পরিধান করে তার সহযোগী লাইফ লাইন ধরার পর নিশ্চিত হয়ে পানিতে নামবে।

গ। পানিতে নেমে ২ফুট পানির নিচে গিয়ে সিলিন্ডারের বাতাস সঠিকভাবে প্রবাহিত হয় কিনা এবং সিলিন্ডারে কোন লিক আছে কিনা তা নিশ্চিত করবে।

ঘ। পানির নিচে গিয়ে সঠিকভাবে অনুসন্ধান করবে এবং সিগনাল আদান প্রদানের মাধ্যমে সহযোগীদের সাথে যোগাযোগ রক্ষা করবে।

ঙ। পানির নিচে বিপদ হলে প্রথমে নিচের থেকে অবমুক্ত হবার চেষ্টা করবে, সম্ভব না হলে সিগনালের মাধ্যমে সহযোগীকে জানাবে ।

চ। ডুবে যাওয়া ব্যক্তিকে পাওয়ার পর যদি সম্ভব হয় হাতে বহন করবে অথবা লাইফ লাইনের সাথে বেধে উপরে উঠার সিগনাল দিবে।

ছ। উপরে উঠার পর প্রথমে ডুবে যাওয়া ব্যক্তিকে পানির উপরে উঠাবে পরে ডুবুরী উঠবে।

জ। উপরে উঠার পর ডুবে যাওয়া ব্যক্তির শারিরিক অবস্থা সম্পর্কে অফিসার ও লিডার কে অবহিত করবে।

## <u>২ নং ডুবুরী</u> ঃ-

ক। ষ্ট্যান্ডবাই হিসাবে সিলিন্ডার সঠিকভাবে পরিধান করে থাকবে।

খ। পানির নিচে ডুবুরী যদি কোন সমস্যার সৃষ্টি হয় তবে স্ট্যান্ডবাই ডুবুরী পানিতে নেমে তাহাকে সাহায্য করবে।

## <u>৩ নং ডুবুরী</u> ঃ

ক। ৩ নং ডুবুরী এটেন্ডেন্ট হিসাবে কাজ করবে। সংকেত বা সিগনাল আদান প্রদানের মাধমে ডুবুরীর অবস্থা সম্পর্কে অফিসারকে অবহিত করবে।

খ। সার্বক্ষনিক ডুবুরীর অবস্থানের দিকে লক্ষ্য রাখবে ।

গ। ডুবুরী পানির উপরে উঠলে তাকে নৌকায় বা পাড়ে উঠানোর ব্যবস্থা করবে এবং না উঠা পর্যন্ত লাইফ লাইন ছেড়ে দিবে না।

ঘ। কাজ শেষে মালামাল গুছিয়ে গাড়ীতে সংরক্ষন করবে।

ঙ। স্টেশনে প্রত্যাবর্তন করে সবাই মিলে মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করবে এবং সিলিন্ডার রিফিল করে পরবর্তী কার্য উপযোগী করে রাখবে।

# ইটি -যখন উদ্ধার কাজে ব্যবহৃত হবে

জনবলঃ- ০৭জন

| | | |
|---|---|---|
| ১। | অফিসার (এসএসও/এস) | ১জন |
| ২। | লিডার | ১জন |
| ৩। | ড্রাইভার | ১জন |
| ৪। | উদ্ধারকারী | ৪ জন |

* পর্যবেক্ষনকারী
* তথ্য সংগ্রহকারী
* নির্দেশ প্রদানকারী
* সমন্বয়কারী

## * কার্যাবলী ঃ-

## ১। অফিসার

ক। ঘটনাস্থলে পৌছে দ্রূত দুর্ঘটনার স্থল পর্যবেক্ষন করবেন ও উদ্ধারকাজ সম্পাদনে সঠিক ও সুনির্দিষ্ট নির্দেশ প্রদান করবেন।

খ। সংশ্লিষ্ট অফিসার দুর্ঘটনার স্থলে পৌছে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবেন এবং আনুমানিক আটকে পড়া বা চাপা পড়ার সংখ্যা সম্পর্কে তথ্য সংগ্রহ করবেন।

গ। দুর্ঘটনা স্থল কোন প্রকার হ্যাজার্ড যেমন, গ্যাস, বিদ্যূত, খারাপ আবহাওয়া, বিল্ডিং কলাপস ইত্যাদি সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহ করবেন এবং সেই মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন।

ঘ। দুর্ঘটনা সম্পর্কে বিস্তারিত তথ্য নিয়ন্ত্রন কক্ষ বা উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

ঙ। ঘটনাস্থলে সঠিক সরঞ্জাম ব্যবহারে সুস্পস্ট নির্দেশ প্রদান করতে হবে এবং সরঞ্জামের নিরাপদ ব্যবহার নিশ্চিত করতে হবে।

চ। ঘটনাস্থলের সামগ্রীক নিরাপত্তা রক্ষার্থে সংশ্লিষ্ট অফিসার Safety Officer হিসাবে নিয়োজিত থাকবে।

ছ। যে কোন উদ্ধার কাজে ০২ (দুই) জন ব্যক্তির অংশগ্রহন নিশ্চিত করবেন এবং তম্মধ্যে একজন Safety person হিসেবে দায়িত্ব পালন করবেন।

জ। উদ্ধারকার্যে, উদ্ধারকারীদের শারীরিক বিষন্নতার দিকে লক্ষ্য রাখতে হবে এবং নির্দিষ্ট সময়ে বা কাজ অন্তর অন্তর বিশ্রামের ব্যবস্থা করতে হবে।

ঝ। উদ্ধার কার্য্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এবং ডিহাইড্রেশন রোধে প্রয়োজনীয় খাবার পানি ও ওরাল স্যালাইন ইত্যাদির ব্যবস্থা করতে হবে।

ঞ। দুর্ঘটনা স্থলের নিরাপত্তা রক্ষার্থে এবং সুষ্ঠভাবে কার্যাবলী সম্পাদনের লক্ষ্যে দুর্ঘটনা স্থলকে Safety Care বা Safety Tape দিয়ে ঘিরে ফেলতে হবে।

ট। উদ্ধার কার্যে কোন জীবিত ব্যাক্তিকে উদ্ধার করলে প্রাথমিক চিকিৎসা প্রদান পুর্বক দ্রূত হাসপাতালে পৌছানের ব্যবস্থা করতে হবে।

ঠ। উদ্ধার কাজ সম্পাদনের সময় কোন মালামাল পেলে তা পুলিশের নিকট হস্তান্তর করতে হবে।

ঢ। উদ্ধার কার্য সম্পাদন শেষে উদ্ধারকৃত ব্যক্তি বা ব্যক্তিদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ পুর্বক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষকে ও নিয়ন্ত্রন কক্ষকে অবহিত করে স্টেশনে অকারেন্স বইয়ে লিপিবদ্ধ করবেন।

ড। উদ্ধার কার্যাবলী সম্পাদনের পর টার্ন আউটের সমস্ত মালামালের সঠিক পরিমান নিশ্চিত করতে হবে।

ন কাজ শেষে অকেজো মালামাল অথবা যন্ত্রপাতি চিহ্নিত করে প্রত্যাবর্তনের পর দ্রুত মেরামতের ব্যবস্হা করবেন।

ত পরবর্তী অপারেশনাল কাজে অংশ গ্রহনের জন্য টার্ন আউটকে কার্য উপযোগী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

## ২। লিডার

ক। উদ্ধার কার্যে Emergency Tender হতে প্রয়োজনীয় সরঞ্জাম সংশ্লিষ্ট অফিসারের ও উদ্ধাকারীর চাহিদা মোতাবেক সরবরাহ নিশ্চিত করণ।

খ। অফিসার ও উদ্ধারকারীদের সাথে সমন্বয়ের মাধ্যমে কাজের অগ্রগতি সাধন।

গ। রানার, ড্রাইভার ও উদ্ধাকারীদের কাজের তদারকি করণ।

ঘ। দুর্ঘটনা কার্যে ব্যবহৃত গাড়ী ও সরঞ্জামের জ্বালানী নিশ্চিত করণ।

ঙ। উদ্ধার কার্য শেষে গাড়ীর সমস্ত মালামালের সঠিক পরিমান নিশ্চিত করণ।

চ। উদ্ধার কার্য শেষে অকেজো মালামাল নিশ্চিত করে পৃথক করণ।

ছ। কর্তব্যরত অফিসারের আদেশ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

জ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও অন্যান্য মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করে পরবর্তী টার্ন আউটের উপযোগী করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

## ৩। ড্রাইভার ঃ-

ক। ঘটনা স্থলে পৌছে গাড়ী সঠিক ও নিরাপদ স্থানে স্থাপন ও ব্যবহার নিশ্চিত করণ ।

খ। গাড়ীর প্রয়োজনীয় জ্বালানীর চাহিদা কর্তব্যরত লিডারকে সঠিক সময়ে সঠিক পরিমানে অবহিত করণ।

গ। অপারেশনাল কাজে গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তাৎক্ষনিকভাবে লিডার/ অফিসারকে অবহিত করণ।

ঘ। গাড়ীতে রক্ষিত সাজ-সরঞ্জামাদি সহ গাড়ী ও পাম্প ও জেনারেটর এর নিরাপত্তা নিশ্চিত করণ।

ঙ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্পের পরিস্কার পরিচ্ছন্ন করে পরবর্তী অপারেশনাল কর্মকান্ডে সঠিক ব্যবহার নিশ্চিত করণ।

## ৪। উদ্ধারকারী ঃ-

ক। দুর্ঘটনা স্থলে পৌছার পর দ্রূত নিরাপত্তামূলক পোষাক পরিধান পূর্বক কর্তব্যরত অফিসারের আদেশ অনুযায়ী কাজে অংশগ্রহন।

খ। দুর্ঘটনা স্থলে কাজের সুবিধা - অসুবিধা অফিসারকে অবহিত করণ।

গ। অফিসারে নির্দেশনা অনুযায়ী উদ্ধার সরঞ্জামের সঠিক ও নিরাপদ ব্যবহার নিশ্চিত করণ ।

ঘ। গ্রূপে কাজ করার সময় উদ্ধার কার্যে অংশগ্রহনকারী ছাড়া ও Safety Pefson দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি হিসেবে উদ্ধারকারীদের নিরাপত্তা নিশ্চিত করণ।

ঙ। উদ্ধারকার্যে প্রয়োজনীয় সঠিক পরামর্শ প্রদান করবেন।

চ। উদ্ধার কার্য পরিচালনার সময় নিজে তথা পুরো দলের নিরাপত্তার প্রতি সচেষ্ট থাকবেন।

ছ। উদ্ধার কায শেষে সমস্ত মালামাল গুছিয়ে গাড়ীতে সংরক্ষন করবেন।

জ। . স্টেশনে প্রত্যাবর্তন করে সমস্ত মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করার কাজে সহযোগিতা করণ।

# ফোম টেন্ডার

জনবল ঃ- ০৭জন

| | | |
|---|---|---|
| ১। | অফিসার (এসএসও/এসও) | ১জন |
| ২। | লিডার | ১জন |
| ৩। | ড্রাইভার | ১জন |
| ৪। | ফায়ারম্যান | ৪জন |

* ১ ও ২ নং ফায়ার ফাইটার
* ৩ নং ম্যাসেঞ্জার
* ৪নং স্পেয়ারম্যান

* কার্যাবলী ঃ-

১। অফিসার

* পর্যবেক্ষনকারী
* তথ্য সংগ্রহকারী
* নির্দেশ প্রদানকারী
* সমন্বয়কারী

ক। অগ্নিকান্ডের স্থলে পৌঁছে দ্রুত পর্যবেক্ষণ করবেন ও অগ্নি-নির্বাপন এবং বিস্তাররোধে সুনির্দিষ্ট নির্দেশ প্রদান করবেন।

খ। জীবিত কোন ব্যাক্তি আটক পড়লে দ্রুত উদ্ধারের ব্যবস্থা করবেন।

গ। হ্যাজার্ড চিহ্নিত করণঃ গ্যাস, বিদ্যুৎ এবং বিল্ডিং কলাপ্স ইত্যাদি সম্পর্কে সঠিক তথ্য নিয়ে যাতে কোন দূর্ঘটনা না ঘটে সেই মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

ঘ। পানি ও ফোমের অনুপাত নিশ্চিত করণ।

ঙ। ফোম ব্যবহারের সময় আগুনে সরাসরি পানি ব্যবহার না হয় এবং ফোম যাতে সরে না যায় তা নিশ্চিত করণ।

চ। গাড়ীতে ফোম কম্পাউন্ডের ঘাটতি যাতে না ঘটে তা নিশ্চিত করণ।

ছ। অগ্নি কান্ডের বিস্তারিত তথ্য উর্ধতন কর্তৃপক্ষ / নিয়ন্ত্রন কক্ষকে অবহিত করবেন।

জ। অগ্নিকান্ডের নিকটস্থ পানির উৎস খুজে বের করে পাম্পের সঠিক ব্যবহার নিশ্চিত করবেন এবং পাম্প থেকে একটি লাইন প্রয়োজনে গাড়ীতে সংযোগ প্রদানের ব্যবস্থা করবেন, আর একটি লাইনের পানি আগুনে সরাসরি প্রয়োগ করবেন।

ঝ। সার্বিক কাজের তদারকী করবেন এবং গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তা মেরামত বা পুনঃস্থাপনের ব্যবস্থা করবেন।

ঞ। অগ্নি নির্বাপনের কাজে নিয়োজিত কোন লোক আহত হলে তাকে প্রাথমিক চিকিৎসা প্রদান পূর্বক দ্রুত স্থানীয় হাসপাতালে প্রেরণ করবেন।

ট। অগ্নি নির্বাপনের কাজে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতি সঠিক ব্যবহার নিশ্চিত করবেন।

ঠ। অন্যান্য বাহিনীর সাথে সমন্বয় সাধন করে কাজ তরান্বিত করবেন।

ঢ। উর্ধতন কর্তৃপক্ষ ঘটনাস্থলে পৌছার সাথে সাথে তাঁকে বিস্তারিত জানিয়ে অগ্নি নির্বাপনের কাজে অংশগ্রহন করবেন।

ড। অগ্নি নির্বাপনের পর ব্যবহৃত সরঞ্জামাদির সঠিক হিসাব নিশ্চিত করবেন।

ন। কাজ শেসে অকেজো মালামাল/ যন্ত্রপাতি চিহ্নিত করে ষ্টেশনে প্রত্যাবর্তনের পর দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহন করবেন।

ত। অগ্নিকান্ডের কারণ উদঘাটনসহ আনুমানিকক ক্ষতি ও উদ্ধার এর পরিমান সহ তথ্যবহুল প্রতিবেদন

সংগ্রহ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে ও নিয়ন্ত্রণ কক্ষকে অবহিত করে স্টেশনের অকারেন্স বইয়ে লিপিবদ্ধ করবেন।

থ। পরবর্তী অপারেশনে অংশ গ্রহন করার জন্য টার্ন আউটকে কার্য উপযোগীকরার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

দ। প্রত্যাবর্তনের সময় সম্ভব হলে পানির গাড়ীতে পানি ভর্তি করে আনতে হবে।

## ২। লিডার ঃ

ক। অগ্নিকান্ডে ব্যবহৃত ব্রাঞ্চ পাইপ, ডেলিভারী হোজ, পাম্প স্থাপন, স্মোক ইজেক্টর, লক কাটার, জেনারেটর, ব্রিদিং এ্যাপারেটাস, ডিভাইডিং ব্রিচিং,ইনলাইন ইন্ডাক্টর, সাকশন হোজ ইত্যাদির সরবরাহ নিশ্চিত করণ।

খ। ডেলিভারী হোজ ফেটে গেলে তা চিহ্নিত করণ ও পরিবর্তনের ব্যবস্থা গ্রহন।

গ। ফোম ও পানির ব্যবহার নিশ্চিত করণ।

ঘ। অফিসার ও ফায়ার ফাইটার এর সাথে সমন্বয় সাধনের মাধ্যমে কাজের অগ্রগতি সাধন।

ঙ। রানার, ড্রাইভার এবং ফায়ার ফাইটারের কাজের তদারকি করণ।

চ। অগ্নি কান্ডের কাজে ব্যবহৃত গাড়ী ও পাম্পের জ্বালানী নিশ্চিত করন।

ছ। অগ্নি নির্বাপন শেষে মালামাল সংগ্রহ করণ ও সঠিক হিসাব নিশ্চিত করণ।

জ। অকেজো মালামাল চিহ্নিত করে পৃথক করণ।

ঝ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্প এবং মালামাল পরিচ্ছন্ন করণ ও পরবর্তী টার্ন আউটের উপযোগী করে রাখার ব্যবস্থা গ্রহন।

## ৩। ড্রাইভার ঃ

ক। ঘটনাস্থলে পৌছে গাড়ী ও পাম্প সঠিক স্থানে স্থাপন ও ব্যবহার নিশ্চিত করণ।

খ। অগ্নিকান্ডে পানি ও ফোমের অনুপাত যাতে সঠিত থাকে তা নিশ্চিত করণ।

গ। বড় অগ্নিকান্ডে সঠিক সময়ে জ্বালানী ও ফোমের চাহিদা কর্তব্যরত লিডারকে অবহিত করণ।

ঘ। অপারেশনাল কাজে গাড়ী পাম্পের কোন ত্রুটি দেখা দিলে তাৎক্ষনিকভাবে লিডার/ অফিসারকে অবহিত করণ, প্রয়োজনে রিপ্লেসমেন্টের চাহিদা প্রদান।

ঙ। গাড়ীতে রক্ষিত সাজ-সরঞ্জামাদি সহ গাড়ী ও পাম্পের নিরাপত্তা নিশ্চিত করণ।

চ। স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্পের পরিস্কার পরিচ্ছন্ন করে পরবর্তী অপারেশনাল কর্মকান্ডে সঠিক ব্যবহার নিশ্চিত করণ।

## ৪। ফায়ারম্যান

### ক। ফায়ার ফাইটার (১ ও ২ নং)

(১) অগ্নিকান্ডের স্থলে পৌছার সাথে সাথে দ্রুত ব্রাঞ্চ পাইপ নিয়ে প্রয়োজনীয় সংখ্যক ডেলিভারী হোজ সংযোজন পূর্বক কর্তব্যরত অফিসারের নির্দেশ অনুযায়ী অগ্নি নির্বাপন কাজে অংশগহন।

(২) অগ্নিনির্বাপন কাজের সুবিধা - অসুবিধা অফিসারকে অবহিত করণ।

(৩) অগ্নি নির্বাপনী যন্ত্রপাতি ও মাধ্যমের সঠিক ব্যবহার নিশ্চিত করণ। প্রয়োজনে ২ নং ফায়ার ফাইটার পাম্প স্থাপনের কাজে সহযোগিতা করণ।

(৪) অগ্নিকান্ডের বিস্তাররোধকল্পে সঠিক অগ্নি নির্বাপনি সরঞ্জাম ও মাধ্যমের ব্যবহার নিশ্চিত করণ।
(৫) আগুনকে নিয়ন্ত্রনে রেখে সম্পূর্ন অগ্নি নির্বাপন নিশ্চিত করণ।
(৬) অগ্নি নির্বাপনের সময় যাতে ক্ষয় ক্ষতির পরিমান কম হয় সে দিকে লক্ষ রাখা।
(৭) অগ্নি নির্বাপন শেষে সমস্ত মালামাল গুছিয়ে গাড়ীতে সংরক্ষন।
(৮) স্টেশনে প্রত্যাবর্তন করে সমস্ত মালামাল পরিস্কার পরিচ্ছন্ন করার কাজে সহযোগিতা করণ।

খ। ম্যাসেঞ্জার ঃ- (৩ নং)

(১) অফিসার , লিডার, ফায়ার ফাইটারের ও ড্রাইভারের সাথে সমন্বয় সাধনের মাধ্যমে সংবাদ আদান প্রদান পুর্বক অগ্নি নির্বাপনের কাজ তরান্বিত করণ।

গ। স্পেয়ারম্যান ঃ- (৪ নং )

(১) ডেলিভারী হোজ খোলার কাজে ফায়ার ফাইটারদের সহযোগিতা করবে।
(২) ফোমক্যান সরবরাহ কাজে সহযোগিতা করবে।
(৩) অগ্নিকান্ডের স্থলে ফায়ার ফাইটারকে সার্বিক সহযোগিতা করণ।
(৪) স্ট্রেনারে ময়লা আবর্জনা বা কাঁদা মাটিতে স্ট্রেনার ডুবে না যায় সেদিকে সতর্ক দৃষ্টি রাখা। অর্থাৎ স্ট্রেনারের সঠিক ব্যবস্থার নিশ্চিতকরণ।
(৫) স্টেশনে প্রত্যাবর্তন করে গাড়ী ও পাম্প এবং অন্যান্য মালামাল / সাজ-সরঞ্জাম পরিস্কার পরিচ্ছন্ন করার কাজে সহযোগিতা করণ।

## * অপারেশনের পূর্বে সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার এর করণীয়

১। স্টেশনের অপারেশনাল, প্রশাসনিক ও উন্নয়মূলক কাজ সার্বিক তদারকীকরণ।

২। স্টেশনের প্রাত্যহিক রুটিন যথা সময়ে পালনের ব্যবস্থা গ্রহন।

৩। স্টেশন এলাকার নকসা, রাস্তাঘাট, গুরুত্বপুর্ন স্থাপনা, জলাশয়ের উৎস ইত্যাদি চিহ্নিত করণ সহ একটি ম্যাপ অফিস কক্ষে ঝুলিয়ে রাখবেন।

৪। গুরুত্বপূর্ন টেলিফোন নম্বর সংরক্ষণ

৫। গাড়ী পাম্প ও যন্ত্রাংশের ও অগ্নি নির্বাপনের সাজ-সরঞ্জামাদির কার্যকারিতা ও সঠিক ব্যবহার নিশ্চিত করণ।

৬। গাড়ী বা পাম্পের যন্ত্রাংশ অকেজো থাকলে তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।

৭। গাড়ী, পাম্প, অগ্নি নির্বাপনের সরঞ্জামাদির স্বল্পতা পরিলক্ষিত হলে, উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে সমন্বয় সাধন।

৮। স্থানীয় প্রশাসন ও এলাকার গন্যমান্য ব্যাক্তিদের সাথে যোগাযোগের মাধ্যমে সু-সম্পর্ক স্থাপন।

৯। স্টেশনের সেন্ট্রি ও রাউন্ড লিডারের ডিউটি তদারকির মাধ্যমে নিছিদ্র নিরাপত্তা নিশ্চিত করণ।

১০। স্টেশনের পরিস্কার পরিচছন্নতা, স্বাস্থ্য সম্মত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে স্টেশন কম্পাউন্ডে একটি সুন্দর বাগান করার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করণ।

১১। স্টেশনের খেলাধুলার ও চিত্ত বিনোদনের ব্যবস্থা নিশ্চিত করণ।

১২। মাঝে মাঝে সম্যক এক্সার সাইজ ও বিভিন্ন ড্রিলের এবং মহড়ার মাধ্যমে কর্ম দক্ষতা বৃদ্ধি করণ।

১৩। স্টেশন এলাকার গুরূত্বপুর্ন স্থানে ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর লিপিবদ্ধ করণ ও গন সংযোগের মাধ্যমে গণ সচেতনা বৃদ্ধি করণ।

## * অপারেশনের সময় সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার এর করণীয়

১। অপারেশনকালীন সময়ে ঠান্ডা মাথায় সঠিকভাবে কাজ পরিচালনা করতে হবে।

## * অপারেশনের পরে সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার এর করণীয়

১। অপারেশন শেষে বহনকারী যন্ত্রপাতি সঠিকভাবে হিসাব করে স্টেশনে প্রত্যাবর্তন করতে হবে।